গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
উন্নয়ন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mowca.gov.bd

## উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, গোদাগাড়ী , রাজশাহী পরিদর্শন প্রতিবেদনঃ

আমি নিম্নস্বাক্ষরকারী গত ১৯/১১/২০১৯ খ্রিঃ তারিখ বেলা ১১.০০ টায় উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, গোদাগাড়ী রাজশাহী পরিদর্শন করি। পরিদর্শনকালে উপপরিচালক, মহিলা বিয়ক অধিদপ্তর রাজশাহী শবনম শিরিন ও উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জনাব শারমিন শাপলাসহ অন্যান্য কর্মকর্তা/কর্মচারী উপস্থিত থেকে পরিদর্শন কাজে সহায়তা করেন। এ অফিসে সংরক্ষিত/ব্যবহার্য বিভিন্ন রেজিষ্টার দেখা গেল। ক্যাশ বহিসহ অন্যান্য রেজিষ্টারের সংরক্ষণ মান ভালো। রেজিষ্টার সমূহ হালনাগাদ করা হয়েছে। রেজিষ্টার সমূহ পর্যালোচনা করে নিম্নোক্ত তথ্য পাওয়া গেলঃ

### ০১. জনবল সংক্রান্ত তথ্যঃ

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ের অনুমোদিত জনবল কর্মকর্তা ০১ জন এবং কর্মচারী ০৪ জন। পদগুলো হলো: উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ১ জন, হিসাব রক্ষক কাম ক্রেডিট সুপারভাইজার ১ জন (উপপরিচালকের কার্যালয়, রাজশাহীতে সংযুক্ত), প্রশিক্ষক ১ জন, অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর ১ জন ও অফিস সহায়ক ১ জন। এছাড়া আইজিএ প্রকল্পের জন্য ২ জন প্রশিক্ষক ও ০১ জন আউটসোর্সিং অফিস এটেনডেন্ট রয়েছে। অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর পদ শূণ্য রয়েছে। হাজিরা খাতা পর্যবেক্ষণ করে দেখা হলো। সকল কর্মকর্তা-কর্মচারী নিয়মিত অফিস করছেন মর্মে প্রতীয়মান হয়।

সুপারিশ: কার্যালয়ের জনবলকে কাজে লাগিয়ে সেবা প্রদান অব্যাহত রাখতে হবে । শূন্য পদ পূরণের জন্য মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর এর দৃষ্টি আকর্ষণ করা হলো এবং উক্ত পদ পূরণের জন্য উর্দ্ধতন কতৃপক্ষের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে পরামর্শ দেয়া হলো।

### ০২. অফিস ভবন সংক্রান্তঃ

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার নিজস্ব অফিস ভবন নাই। উপজেলা পরিষদের ২টি কক্ষে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ের কার্যক্রম পরিচালিত হচ্ছে। কক্ষ দুটি মেরামত প্রয়োজন।

সুপারিশ : অফিস ভবন মেরামতের জন্য উপজেলা চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার এবং উপজেলা প্রকৌশলী এর সঙ্গে নিয়মিত যোগাযোগ রাখার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে পরামর্শ দেওয়া হল।

### ০৩। ভিজিডি কর্মসূচিঃ

২০১৯-২০২০ ভিজিডি চক্রে গোদাগাড়ী উপজেলায় অনুমোদিত কার্ড সংখ্যা ২৬৪২ টি এবং বর্তমান কার্ড সংখ্যা ২৬৪০ টি । ২০১৯-২০২০ ভিজিডি চক্রের ২০১৯-২০২০ অর্থ বছরের বরাদ্দ থেকে অক্টোবর/ ১৯ মাসের ভিজিডি খাদ্য শস্য অর্পণাদেশ পুষ্টি চালের জন্য মিলারের অনুকূলে প্রদান করা হয়েছে। চেয়ারম্যানদের সহিত মতবিনিময় কালে সুষ্ঠুভাবে পুষ্টি চাল বিতরণ কার্যক্রম চলছে মর্মে জানা গেল।

সুপারিশ : ভিজিডি কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যহত রাখার জন্য উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ও চেয়ারম্যানগণকে পরামর্শ দেওয়া হ'ল।

**০৪। মা ও শিশু সহায়তা কর্মসূচিঃ**

এ কর্মসূচির আওতায় ২০১৮-১৯ অর্থ বছরে গোদাগাড়ী উপজেলায় দরিদ্য মা'র জন্য মাতৃত্বকাল ভাতা প্রদান কর্মসূচির উপকারভোগীর সংখ্যা ১১৭৯ জন এবং ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল কর্মসূচির ভাতাভোগীর সংখ্যা ৯০০ জন । উক্ত উপকারভোগীর স্ব-স্ব নামের ব্যাংক হিসাবে জুলাই/১৮ হতে জুন/১৯ পর্যন্ত ১২ মাসের জনপ্রতি মাসিক ৮০০/- টাকা হারে ৯৬০০/- (নয় হাজার ছয়শত টাকা মাত্র) টাকা করে ভাতার অর্থ G2P payment এর মাধ্যমে প্রদান করা হয়েছে। ২০১৯-২০ অর্থ বছর হতে **মা** ও শিশু সহায়তা **কর্মসূচির** অক্টোবর/২০১৯ পর্যন্ত গোদাগাড়ী উপজেলায় অনলাইনে রেজিস্ট্রেশনের মাধ্যমে অনুমোদিত উপকারভোগীর সংখ্যা ২৯**৫**৮ জন। মাটিকাটা ইউনিয়নে উপকারভোগীর অনলাইনে আবেদন পর্যবেক্ষণ করা হয় । ইউনিয়ন রিসোর্স পুল ও উপজেলা রিসোর্সপুল সদস্যদের সাথে মতবিনিময় করা হয়। মাঠপর্যায়ে পাইলটিং প্রকল্পের প্রচারণা গম্ভিরা ও চর আষাড়িয়াদহ ইউনিয়নে ২টি উঠান বৈঠক পরিদর্শন করা হয়।

সুপারিশ : পাইলটিং প্রকল্পের আওতায় প্রতিমাসে ভাতাভোগী দ্রুততার সাথে নির্বাচন করার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে পরামর্শ প্রদান করা হলো।

**০৫। মহিলাদের আত্ম-কর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রমঃ**

গ্রামীণ মহিলাদের আত্ম-কর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রমের আওতায় শুরু থেকে এ পর্যন্ত গোদাগাড়ী উপজেলায় ৪০৪ জন দুঃস্থ মহিলাকে ঋণ প্রদান করা হয়েছে। উক্ত ৪০৪ জন দুঃস্থ মহিলাকে ৪৬,৪০,০০০/-(ছিচল্লিশ লক্ষ চল্লিশ হাজার টাকা মাত্র) টাকা ঋণ প্রদান করা হয়েছে। ঋণ আদায় হয়েছে ৪১,২০,৩২৩/- (একচল্লিশ লক্ষ বিশ হাজার তিনশত তেইশ টাকা মাত্র)। মাঠ পর্যায়ে অনাদায়ী রয়েছে ২,৮৮,৮৬০/-(দুই লক্ষ আটাশি হাজার আটশত ষাট টাকা মাত্র ) টাকা এবং খেলাপী মেয়াদ উত্তীর্ণ ৫,৩৭,৩৬৭/- (পাঁচ লক্ষ সাইত্রিশ হাজার তিনশত সাতষট্টি) টাকা মাত্র। আদায়ের হার ৮৯%।

সুপারিশ : ক্ষুদ্রঋণ কার্যক্রম সন্তোষজনক। খেলাপী ঋণ আদায়ের জন্য নোটিশ প্রদানের পরামর্শ প্রদান করা হলো।

**০৬। উপজেলা পর্যায়ে মহিলা প্রশিক্ষণ কেন্দ্রসমূহঃ**

**উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক প্রশিক্ষণ'(আইজিএ)** প্রকল্পের আওতায় উপজেলা পর্যায়ে ০২টি ট্রেডে (বিউটফিকেশন ও ট্রেইলারিং) ২৫ জন করে ০৩ মাস মেয়াদে মোট ৫০ জন নারীকে প্রশিক্ষণ প্রদান কার্যক্রম চলমান রয়েছে। এপ্রিল/ ১৮ হতে অক্টোবর/ ১৯ পর্যন্ত ৬টি ব্যাচে দুই ট্রেডে মোট ২৫০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। বর্তমানে ৭ম ব্যাচ (অক্টোবর/১৯ থেকে ডিসেম্বর/১৯) চলমান রয়েছে। প্রশিক্ষণ কার্যক্রম সরেজমিন পরিদর্শন করা হ'ল। প্রশিক্ষণার্থীদের উপস্থিতি ও প্রশিক্ষণের মান সন্তোষজনক মর্মে প্রতীয়মান হয়েছে।

সুপারিশ : প্রশিক্ষণ কার্যক্রমের মনিটরিং জোরদার করতে হবে এবং প্রশিক্ষণার্থীদের **আয়বর্ধক কাজে নিয়োজিত**করতে হবে।

**০৭। নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ ও বাল্য বিবাহ নিরোধ সংক্রান্ত বিষয়ঃ**

নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে এবং বাল্য বিবাহ নিরোধে উঠান বৈঠক ও আলোচনা সভা অব্যাহত আছে মর্মে জানা গেল। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ের মাধ্যমে ২০১৮-২০১৯ অর্থ বছরে ৪৮টি উঠান বৈঠক করা হয়েছে। উপকারভোগীর সংখ্যা ১৮৫০ জন।

সুপারিশ : নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে এবং বাল্য বিবাহ নিরোধে উঠান বৈঠক ও আলোচনা সভা অব্যাহত রাখতে হবে।

৮। **স্বেচ্ছাসেবী মহিলা সমিতিসমূহ :**

গোদাগাড়ী উপজেলায় মোট নিবন্ধিত স্বেচ্ছাসেবী মহিলা সমিতির সংখ্যা ১০১ টি। সক্রিয় সমিতির সংখ্যা ১৬ টি, নিষ্ক্রিয় সমিতির সংখ্যা ৮৫টি । সক্রিয় সমিতির মধ্যে থেকে ২০১৮-১৯ অর্থ বছরে ৪টি সমিতিতে ৭৫,০০০/-(পঁচাত্তর হাজার) টাকা অনুদান পাওয়া গেছে । বিতরণ কার্যক্রম প্রক্রিয়াধীন।

সুপারিশ : স্বেচ্ছাসেবী মহিলা সমিতিসমূহ সক্রিয় করাসহ তাদের কার্যক্রম পরিবীক্ষণ করতে হবে।

৯। **সার্বিক মন্তব্য :**

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, গোদাগাড়ী, রাজশাহী এর প্রশাসনিক ও প্রশিক্ষণ কার্যক্রম সন্তোষজনক। প্রশিক্ষণ মনিটরিং এবং ক্ষুদ্রঋণ আদায়ের কার্যক্রম জোরদার করার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, গোদাগাড়ীকে পরামর্শ প্রদান করা হলো।

সংযুক্ত : পরিদর্শনের ছবি ০১(এক) ফর্দ।

(মো: ইকবাল হোসেন)
যুগ্মসচিব

২৫ পৌষ, ১৪২৬

নং- ৩২.০০.০০০০.০৯২.২৫.০০১.১২-০৬

তারিখঃ ০৯ জানুয়ারি ২০২০

**<u>অনুলিপি (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে) :</u>**

১। সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। অতিরিক্ত সচিব (প্রশাসন/উন্নয়ন ও পরিকল্পনা), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৩। মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
৪। প্রকল্প পরিচালক, 'উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক প্রশিক্ষণ (আইজিএ) প্রকল্প, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
৫। উপসচিব (সমন্বয়), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, রাজশাহী।
৭। উপজেলা নির্বাহী কর্মকর্তা, গোদাগাড়ী, রাজশাহী।
৮। সিনিয়র সহকারী প্রধান (প্লাউ) ও APA ফোকাল পয়েন্ট কর্মকর্তা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৯। প্রোগ্রামার, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
১০। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, গোদাগাড়ী, রাজশাহী।

০৯.০১.২০২০

(মো: ইকবাল হোসেন)
যুগ্মসচিব
☎ ৯৫৭০৬৫৭

## গোদাগাড়ী উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয় পরিদর্শনের কয়েকটি ছবি।



উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ের কর্মকর্তা ও কর্মচারীদের সাথে(উপপরিচালক,রাজশাহী সঙ্গে আছেন)।



আইজিএ প্রকল্পের প্রশিক্ষণার্থীদের মাঝে, সাথে রয়েছেন উপপরিচালক, রাজশাহী এবং WFP এর কন্সালটেন্ট।




মা ও শিশু সহায়তা কর্মসূচির উঠান বৈঠকে অংশগ্রহণ।



মা ও শিশু সহায়তা কর্মসূচির প্রচারাভিযানে গম্ভীরা গানের অনুষ্ঠানে অংশগ্রহণ।